বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়
কমিটি শাখা-১

নং- ১১.০০.০০০০.৭৩১.৩১.০০২.২০২০.৮৮ (৩)

তারিখ: ০২ কার্তিক ১৪২৭
১৮ অক্টোবর ২০২০

বিষয়: সরকারী হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটি ২৬তম বৈঠকের কমিটির সিদ্ধান্ত প্রেরণ প্রসংগে।

একাদশ জাতীয় সংসদের সরকারী হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির ২৬তম বৈঠকের কমিটি কর্তৃক নিশ্চিতকৃত কমিটির সিদ্ধান্ত নির্দেশক্রমে এতদ্‌সংগে প্রেরণ করা হলো।

(মোঃ ফয়সাল মোর্শেদ)
উপ-সচিব ও কমিটি সচিব
সরকারী হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটি
ফোন: ৯১২৫৩৭৮
মোবাইল: ০১৭১১০৪৬২৮৫
ফ্যাক্স: ৫৫০২৮৯৯৬
ই-মেইল: committeeonebps@yahoo.com

বিতরণ: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

১। বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়, অডিট ভবন, ৭৭/৭, কাকরাইল, ঢাকা।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, এলজিইডি ভবন, আগাঁরগাও, শেরে বাংলা নগর, ঢাকা।
৪। মহাপরিচালক, পার্বত্য চট্টগ্রাম, পল্লী উন্নয়ন ও স্থানীয় প্রতিষ্ঠান অডিট অধিদপ্তর, ৬ষ্ঠ তলা, অডিট ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়
কমিটি শাখা-০১
www.parliament.gov.bd

কমিটির সিদ্ধান্ত

**কমিটির:** সরকারি হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটি

**তথ্য নিবন্ধন নম্বর:**

**তথ্য শিরোনাম:** পূর্ত অডিট অধিদপ্তর (বর্তমান পার্বত্য চট্টগ্রাম, পল্লী উন্নয়ন ও স্থানীয় প্রতিষ্ঠান অডিট অধিদপ্তর) কর্তৃক স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের আওতাধীন স্থানীয় সরকার বিভাগের অধীন স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর এর ২০১১-২০১৪ অর্থ বছরের হিসাব সম্পর্কিত বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর বার্ষিক অডিট রিপোর্ট ২০১৪-২০১৫ এবং প্রাসঙ্গিক তথ্য।

**পরীক্ষণ নম্বর:**

**পরীক্ষণ শিরোনাম:** পূর্ত অডিট অধিদপ্তর (বর্তমান পার্বত্য চট্টগ্রাম, পল্লী উন্নয়ন ও স্থানীয় প্রতিষ্ঠান অডিট অধিদপ্তর) কর্তৃক স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের আওতাধীন স্থানীয় সরকার বিভাগের অধীন স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর এর ২০১১-২০১৪ অর্থ বছরের হিসাব সম্পর্কিত বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর বার্ষিক অডিট রিপোর্ট ২০১৪-২০১৫ সংক্রান্ত পরীক্ষণ।

**বৈঠক নম্বর:** ২৬

**বৈঠকের তারিখ:** ১১/১০/২০২০
**বৈঠক শুরুর সময়:** ১১:০০ পূর্বাহ্ন
**বৈঠক শেষের সময়:** ১১:৪৫ পূর্বাহ্ন
**বৈঠকের স্থান:** কেবিনেট কক্ষ, পশ্চিম ব্লক, ২য় লেভেল, সংসদ ভবন, শেরে বাংলা নগর, ঢাকা।

**সভাপতি:** জনাব মোঃ রুস্তম আলী ফরাজী

**২.১. বৈঠকে উপস্থিত কমিটির সদস্যগণের তালিকা:**

১. জনাব মোঃ রুস্তম আলী ফরাজী, সভাপতি, ১২৯ পিরোজপুর-৩, বাংলাদেশ জাতীয় সংসদ, ঢাকা।
২. জনাব আবুল কালাম আজাদ, সদস্য, ১৩৮ জামালপুর-১, বাংলাদেশ জাতীয় সংসদ, ঢাকা।
৩. জনাব মোঃ আব্দুস শহীদ, সদস্য, ২৩৮ মৌলভীবাজার-৪, বাংলাদেশ জাতীয় সংসদ, ঢাকা।
৪. জনাব মোঃ শহীদুজ্জামান সরকার, সদস্য, ৪৭ নওগাঁ-২, বাংলাদেশ জাতীয় সংসদ, ঢাকা।
৫. জনাব র, আ, ম উবায়দুল মোকতাদির চৌধুরী, সদস্য, ২৪৫ ব্রাহ্মণবাড়িয়া- ৩, বাংলাদেশ জাতীয় সংসদ, ঢাকা।
৬. জনাব জহিরুল হক ভূঞা মোহন, সদস্য, ২০১ নরসিংদী-৩, বাংলাদেশ জাতীয় সংসদ, ঢাকা।
৭. জনাব মনজুর হোসেন, সদস্য, ২১১ ফরিদপুর-১, বাংলাদেশ জাতীয় সংসদ, ঢাকা।
৮. জনাব আহসানুল ইসলাম (টিটু), সদস্য, ১৩৫ টাঙ্গাইল-৬, বাংলাদেশ জাতীয় সংসদ, ঢাকা।
৯. জনাব মুস্তফা লুৎফুল্লাহ, সদস্য, ১০৫ সাতক্ষীরা-১, বাংলাদেশ জাতীয় সংসদ, ঢাকা।
১০. বেগম ওয়াসিকা আয়শা খান, সদস্য, ৩০৭ মহিলা আসন-৭, বাংলাদেশ জাতীয় সংসদ, ঢাকা।
১১. জনাব মোঃ জাহিদুর রহমান, সদস্য, ০৫ ঠাকুরগাঁও-৩, বাংলাদেশ জাতীয় সংসদ, ঢাকা।

**২.২. বৈঠকে উপস্থিত মন্ত্রণালয়/বিভাগের কর্মকর্তাগণের তালিকা:**

১। জনাব হেলালুদ্দীন আহমদ, সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। জনাব সোহরাব হোসেন, অতিরিক্ত সচিব (অডিট), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। জনাব মো: আব্দুর রশীদ খান, প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
৪। জনাব মোহাম্মদ শামছুল ইসলাম, উপসচিব ও কাউন্সিল অফিসার, স্থানীয় সরকার বিভাগ।

**২.৩. বৈঠকে উপস্থিত সিএজি কার্যালয়ের কর্মকর্তাগণের তালিকা:**

১. জনাব মোহাম্মদ মুসলিম চৌধুরী, বাংলাদেশের মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রক।
২. জনাব মোঃ মাহবুবুল হক, উপ-মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রক (এএন্ডআর)।
৩. জনাব মো: রাশিদুজ্জামান খন্দকার, সহকারী মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রক (সংসদ)।

**২.৪. বৈঠকে উপস্থিত অডিট অধিদপ্তরের কর্মকর্তাগণের তালিকা:**

১। জনাব আবুল কালাম আজাদ, মহাপরিচালক, পার্বত্য চট্টগ্রাম, পল্লী উন্নয়ন ও স্থানীয় প্রতিষ্ঠান অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স, সেগুনবাগিচা।
২। বেগম মোসা: মাহবুবা বেগম, পরিচালক, পার্বত্য চট্টগ্রাম, পল্লী উন্নয়ন ও স্থানীয় প্রতিষ্ঠান অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স, সেগুনবাগিচা।
৪। জনাব মো: ছাইফুল ইসলাম ছিব্বির আহাম্মেদ ওসমানী, উপ-পরিচালক, পার্বত্য চট্টগ্রাম, পল্লী উন্নয়ন ও স্থানীয় প্রতিষ্ঠান অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স, সেগুনবাগিচা।

**২.৫. বৈঠকে উপস্থিত সংসদ সচিবালয়ার কর্মকর্তাগণের তালিকা:**

১. জনাব মোঃ ফয়সাল মোর্শেদ, কমিটি সচিব, সরকারী হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটি।
২. বেগম রায়হানা ইয়াসমিন, সিনিয়র কমিটি অফিসার, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা।
৩. জনাব মো: হাবিবুল্লাহ প্রামাণিক, উপ-পরিচালক (রিপোর্টিং), বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা।
৪. জনাব শোবের খান, সহকারী পরিচালক গণসংযোগ, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা।
৫. জনাব জ্যোতির্ময় গোলদার, সহকারী পরিচালক গণসংযোগ, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা।

**৩. প্রারম্ভিক কার্যাবলী:**

**৩.১. আলোচ্য বিষয়:** কোরাম ও বৈঠক শুরু।

**আলোচনার সার-সংক্ষেপ:** বাংলাদেশ জাতীয় সংসদের কার্যপ্রণালী-বিধি অনুযায়ী কোরাম সম্পন্ন হয়েছে বিধায় বৈঠক শুরুর বিষয়ে উপস্থিত সদস্যগণ ঐকমত্য প্রকাশ করেন।

**সিদ্ধান্ত: সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় যে, কোরাম সম্পন্ন হওয়ায় উপস্থিত কমিটির সদস্যগণ, বৈঠকে অভ্যাগত ব্যক্তিবর্গ এবং সংসদ সচিবালয়ের কর্মকর্তাগণকে শুভেচ্ছা জানিয়ে ২৬ আশ্বিন ১৪২৭ (১১/১০/২০২০) তারিখ রোজ রবিবার পূর্বাহ্ন ১১:০০ ঘটিকায় ঢাকার শেরেবাংলা নগরস্থ সংসদ ভবনের পশ্চিম ব্লকের দ্বিতীয় লেভেলে অবস্থিত কেবিনেট কক্ষে একাদশ জাতীয় সংসদের সরকারী হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির ২৬তম বৈঠক শুরু করা হয়।**

**৩.২. আলোচ্য বিষয়:** কমিটির কার্যক্রম সম্পর্কে সূচনা বক্তব্য।

**আলোচনার সার-সংক্ষেপ:** সভাপতি পূর্ত অডিট অধিদপ্তর (বর্তমান পার্বত্য চট্টগ্রাম, পল্লী উন্নয়ন ও স্থানীয় প্রতিষ্ঠান অডিট অধিদপ্তর) কর্তৃক স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের আওতাধীন স্থানীয় সরকার বিভাগের অধীন স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর এর ২০১১-২০১৪ অর্থ বছরের হিসাব সম্পর্কিত বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর বার্ষিক অডিট রিপোর্ট ২০১৪-২০১৫ এ অন্তর্ভুক্ত অডিট আপত্তির অনুচ্ছেদ নং-১, ২, ৩, ৪, ৫ ও ৬ এর উপর আলোচনার সূত্রপাত করেন।

**৩.৩. আলোচ্য বিষয়:** সরকারী হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির ২৫তম বৈঠকের সিদ্ধান্ত দৃঢ়ীকরণ।

**আলোচনার সার-সংক্ষেপ:** সভাপতি বলেন, নিশ্চয়ই কমিটির সদস্যগণ বৈঠকের ফোল্ডারে সরবরাহকৃত সরকারী হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির ২৫তম বৈঠকের কমিটির সিদ্ধান্ত পড়েছেন। তিনি মাননীয় সদস্যবৃন্দকে উদ্দেশ্য করে বলেন, ২৫তম বৈঠকের কমিটির সিদ্ধান্ত লিপিবদ্ধকরণের বিষয়টি যথাযথ হয়ে থাকলে তা দৃঢ়ীকরণ করা যেতে পারে।

**সিদ্ধান্ত: সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় যে, একাদশ জাতীয় সংসদের সরকারী হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির ২৫তম বৈঠকের কমিটির সিদ্ধান্ত কমিটি কর্তৃক দৃঢ়ীকরণ করা হলো।**

**৪. গণ কার্যাবলী**

**৪.১। আলোচ্য বিষয়:** সাক্ষ্য গ্রহণ: প্রশ্ন-উত্তর ও জেরা পর্ব পূর্ত অডিট অধিদপ্তর (বর্তমান পার্বত্য চট্টগ্রাম, পল্লী উন্নয়ন ও স্থানীয় প্রতিষ্ঠান অডিট অধিদপ্তর) কর্তৃক স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের আওতাধীন স্থানীয় সরকার বিভাগের অধীন স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর এর ২০১১-২০১৪ অর্থ বছরের হিসাব সম্পর্কিত বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর বার্ষিক অডিট রিপোর্ট ২০১৪-২০১৫ এ অন্তর্ভুক্ত অডিট আপত্তির অনুচ্ছেদ নং-১, ২, ৩, ৪, ৫ ও ৬ এর উপর আলোচনা।

**আলোচনার সার-সংক্ষেপ:** বৈঠকে আমন্ত্রিত কর্মকর্তাবৃন্দ সংশ্লিষ্ট আলোচ্য বিষয়ে কমিটির মাননীয় সদস্যগণের জিজ্ঞাসিত প্রশ্ন সম্পর্কে সভাপতির আহ্বানক্রমে তাদের সুচিন্তিত জবাব প্রদান করেন।

সিদ্ধান্ত: সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় যে, কমিটির সদস্যগণের জিজ্ঞাসার আলোকে সভাপতির আহ্বানক্রমে আমন্ত্রিত কর্মকর্তাগণের প্রদত্ত জবাব কার্যবাহে হুবহু রেকর্ড করার জন্য অনুশাসন দেয়া হলো।

৫. সমাপনী কার্যাবলী:

**৫.১: আলোচ্য বিষয়: অডিট আপত্তির অনুচ্ছেদ নং-১: অডিট আপত্তির শিরোনাম:** নির্ধারিত হারে ভ্যাট ও আয়কর কর্তন না করায় সরকারের রাজস্ব ক্ষতি ২০,৬৮,৪০৯/- টাকা।

**আলোচনার সার-সংক্ষেপ:** সভাপতির আহ্বানক্রমে সিনিয়র সচিব, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের ৪ টি নির্বাহী প্রকৌশলী কার্যালয়ের ২০১১-২০১৪ অর্থ বছরের হিসাব ১৪-০৯ -২০১৩ খ্রিঃ হতে ১০-১০-২০১৩ খ্রিঃ তারিখের মধ্যে বিভিন্ন সময়ে স্থানীয়ভাবে নিরীক্ষা করা হয়। নিরীক্ষাকালে ভ্যাট ও আয়কর কর্তন সংক্রান্ত রেজিস্টার, বিল ভাউচারসহ প্রাসঙ্গিক অন্যান্য কাগজপত্র পর্যালোচনা করা হয়। এতে দেখা যায় যে, নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, দিনাজপুর কার্যালয় কর্তৃক ২০১২-২০১৩ অর্থ বছরে ৩,৮০,৯৭০/- টাকা জাতীয় রাজস্ব বোর্ডের নির্ধারিত হার অপেক্ষা কম হারে ভ্যাট ও আয়কর কর্তন করা হয়েছে। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, ভোলা কার্যালয় কর্তৃক ২০১২-২০১৩ অর্থ বছরে ৮,৯৭,৫১৮/- টাকা আয়কর বাবদ কম কর্তন করা হয়েছে। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, বি-বাড়িয়া কার্যালয় কর্তৃক উদ্ধারপ্রাপ্ত মালামালের মূল্যসহ গ্রস বিলের উপর ভ্যাট ও আয়কর কর্তন না করে নীট বিলের উপর ভ্যাট ও আয়কর কর্তন করায় ভ্যাট ও আয়কর বাবদ ২০১২-২০১৩ অর্থ বছরে ২,৩৯,৬৯১/- টাকা সরকারের রাজস্ব ক্ষতি হয়েছে। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, চট্টগ্রাম কার্যালয় কর্তৃক উদ্ধারপ্রাপ্ত মালামালের মূল্যসহ গ্রস বিলের উপর ভ্যাট ও আয়কর কর্তন না করে নীট বিলের উপর ভ্যাট ও আয়কর কর্তন করায় ভ্যাট ও আয়কর বাবদ ২০১২-২০১৩ অর্থ বছরে ৩,৭৩,৬৬৩/- টাকা সরকারের রাজস্ব ক্ষতি হয়েছে। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, দিনাজপুর কার্যালয় কর্তৃক ২০১৩-২০১৪ অর্থ বছরে ১,৭৬,৫৬৭/- টাকা ভ্যাট বাবদ কম কর্তন করা হয়েছে। উক্ত ৪টি কার্যালয় কর্তৃক ভ্যাট ও আয়কর বাবদ সর্বমোট ২০,৬৮,৪০৯/- টাকা কম কর্তন করে সরকারের রাজস্ব ক্ষতি সাধন করা হয়েছে।

**সিদ্ধান্ত-১: সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় যে, নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, দিনাজপুর কর্তৃক আপত্তিতে বর্ণিত ৩,৮০,৯৭০/- টাকা চালানের মাধ্যমে যথাযথ কোডে জমা করায় বাংলাদেশের মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রকের সুপারিশক্রমে আপত্তির এ অংশটুকু কমিটি কর্তৃক নিষ্পত্তি হয়েছে বলে গণ্য করা হলো।**

**সিদ্ধান্ত-২: সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় যে, নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, ভোলা এর বিপরীতে আপত্তিকৃত অর্থের পরিমাণ ৮,৯৭,৫১৮/- টাকার মধ্যে প্রতিষ্ঠান কর্তৃক চালানের মাধ্যমে ৮,৮৭,২৭৭/- টাকা জমা করা হয়েছে, যা অডিট অধিদপ্তর যাচাইয়ে সঠিক আছে উল্লেখ করায় এবং চালানে জমাকৃত টাকা যথাযথ কোডে জমা করা হয়েছে মর্মে যাচাইকারী প্রত্যয়ন করায় বাংলাদেশের মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রকের সুপারিশক্রমে আপত্তির এ অংশটুকু কমিটি কর্তৃক নিষ্পত্তি হয়েছে বলে গণ্য করা হলো।**

**সিদ্ধান্ত-৩: নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, বি-বাড়িয়ার আপত্তির বিপরীতে অডিট কর্তৃক দাখিলকৃত প্রমাণক যাচাইয়ে দেখা যায় যে, উদ্ধার প্রাপ্ত পুরাতন ইটের মূল্য ঠিকাদারকে পরিশোধ করা হয়নি বিধায় সে অংশের ভ্যাট কর্তনের আইনানুগ সুযোগ না থাকায় কম ভ্যাট কর্তনের বিষয়টি পরবর্তীতে অডিট যাচাইয়ে যথাযথ হয়েছে মর্মে উল্লেখ করায় বাংলাদেশের মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রকের সুপারিশক্রমে আপত্তির এ অংশটুকু কমিটি কর্তৃক নিষ্পত্তি হয়েছে বলে গণ্য করা হলো।**

**সিদ্ধান্ত-৪: নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, চট্টগ্রাম এর আপত্তির বিপরীতে অনুমোদিত প্রাক্কলন অনুযায়ী ঠিকাদার কর্তৃক কৃত কাজের বিলই কেবল ঠিকাদারকে পরিশোধ করায় বাংলাদেশের মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রকের সুপারিশক্রমে আপত্তির এ অংশটুকু কমিটি কর্তৃক নিষ্পত্তি হয়েছে বলে গণ্য করা হলো।**

**সিদ্ধান্ত-৫: নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, দিনাজপুর এর আপত্তিতে বর্ণিত ১,৭৬,৫৬৭/- টাকা যথাযথ কোডে জমা করা হয়েছে এবং জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, দিনাজপুর কর্তৃক প্রত্যয়ন করায় বাংলাদেশের মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রকের সুপারিশক্রমে আপত্তির এ অংশটুকু কমিটি কর্তৃক নিষ্পত্তি হয়েছে বলে গণ্য করা হলো।**

**৫.২. আলোচ্য বিষয়: অডিট আপত্তির অনুচ্ছেদ নং-২: অডিট আপত্তির শিরোনাম:** ঠিকাদারের নিকট হতে রোলার ভাড়া এবং ল্যাব টেস্ট ফি আদায় না করায় সরকারের রাজস্ব ক্ষতি ৯৪,৭৫,৬৭৩/- টাকা।

**আলোচনার সার-সংক্ষেপ:** সভাপতির আহ্বানক্রমে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের ৮টি নির্বাহী প্রকৌশলী কার্যালয়ের ২০১১-২০১৪ অর্থ বছরের হিসাব ৩০-০৯-২০১২ হতে ১০-১০-২০১৩ খ্রিঃ পর্যন্ত বিভিন্ন সময়ে স্থানীয়ভাবে নিরীক্ষা করা হয়। নিরীক্ষাকালে বিভিন্ন ঠিকাদারের নিকট হতে রোলার ভাড়া আদায় সংক্রান্ত নথি, ল্যাব টেস্ট ফি আদায় রেজিস্টার এবং প্রাসঙ্গিক অন্যান্য রেকর্ডপত্রাদি পর্যালোচনা করা হয়। এতে দেখা যায় যে, নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, ময়মনসিংহ কার্যালয়ের ঠিকাদারের নিকট হতে রোলার ভাড়া আদায় না করায় সরকারের ২০১১-২০১২ আর্থিক বছরে ১৩,২৩,৬০৩/- টাকা আর্থিক ক্ষতি হয়েছে। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, গোপালগঞ্জ কার্যালয়ের ৫জন ঠিকাদারের বিল হতে বিভাগীয় যন্ত্রপাতির ভাড়া বাবদ ২০১১-২০১২ আর্থিক বছরে ৯,০৪,৬০৩/- টাকা কর্তন না করেই বিল পরিশোধ করা হয়েছে। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, কক্সবাজার কার্যালয়ের সংশ্লিষ্ট ঠিকাদারগণের নিকট হতে রোলার ও ট্রলি ভাড়া আদায় না করায় সরকারের ২০১১-২০১২ আর্থিক বছরে ৭,৩৮,০১৯/- টাকা আর্থিক ক্ষতি হয়েছে। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, শরীয়তপুর কার্যালয়ের

ঠিকাদারের বিল হতে ২০১১-২০১২ আর্থিক বছরে ৬,৪৭,৫৫৪/- টাকা রোড রোলার ভাড়া কম কর্তন করা হয়েছে। একই অফিসের কার্যক্রম নিরীক্ষাকালে দেখা যায়, ঠিকাদারের কাজের বিল হতে ল্যাব টেস্ট ফি বাবদ ৩,২১,২০০/- টাকা কম কর্তন করা হয়েছে। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, নারায়ণগঞ্জ কার্যালয়ে নির্ধারিত সময়ের অতিরিক্ত সময় রোড রোলার ব্যবহারের জন্য ভাড়া অনাদায়ে ২০১১-২০১২ আর্থিক বছরে সরকারের ১,৭৯,৪০০/- টাকা আর্থিক ক্ষতি হয়েছে। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, নেত্রকোনা কার্যালয় কর্তৃক রোলার ভাড়া বাবদ ২০১২-২০১৩ আর্থিক বছরে ৩,৮৮,৯৮১/- টাকা ঠিকাদারের নিকট হতে আদায় করা হয়নি। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, ভোলা কার্যালয় কর্তৃক ২০১২-২০১৩ আর্থিক বছরে ঠিকাদারের নিকট হতে রোলার ভাড়া কম আদায় করায় ৮,৪৭,১৫৪/- টাকা আর্থিক ক্ষতি হয়েছে। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, বরগুনা কার্যালয় কর্তৃক ২০১২-২০১৩ আর্থিক বছরে ঠিকাদারের নিকট হতে রোলার ভাড়া বাবদ ২৩,০৭,৬৪৬/- টাকা আদায় করা হয়নি। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, ভোলা কার্যালয় কর্তৃক ২০১৩-২০১৪ আর্থিক বছরে ঠিকাদারের নিকট হতে রোলার ভাড়া কম আদায় করায় ১৮,১৭,৫১৩/- টাকা আর্থিক ক্ষতি হয়েছে।

**সিদ্ধান্ত-১: সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় যে, নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, ময়মনসিংহ কার্যালয়ের জবাব অনুযায়ী যেহেতু রোলার স্বল্পতার কারণে ৬জন ঠিকাদারকে রোলার সরবরাহ করা সম্ভবপর হয়নি এবং ঠিকাদার কর্তৃক দরপত্রের সাথে যন্ত্রপাতি/রোলার এর বিবরণী দাখিল করার প্রমাণক পাওয়া যায়নি সেহেতু বিষয়টি স্থানীয় সরকার বিভাগের একজন অতিরিক্ত সচিবের নেতৃত্বে এলজিএডি এর একজন অতিরিক্ত প্রধান প্রকৌশলী এবং সংশ্লিষ্ট অডিট অধিদপ্তরের একজন পরিচালকের সমন্বয়ে তিন সদস্য বিশিষ্ট একটি কমিটি করে অনধিক ২মাসের মধ্যে অডিটের মাধ্যমে কমিটিতে রিপোর্ট প্রদানের জন্য অনুশাসন প্রদান করা হলো।**

**সিদ্ধান্ত-২: সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় যে, নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, গোপালগঞ্জ কার্যালয় কর্তৃক আপত্তি নিষ্পত্তির সহায়ক যথাযথ প্রমাণক দাখিল করায় বাংলাদেশের মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রকের সুপারিশক্রমে আপত্তির এ অংশটুকু কমিটি কর্তৃক নিষ্পত্তি হয়েছে বলে গণ্য করা হলো।**

**সিদ্ধান্ত-৩: সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় যে, নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, কক্সবাজার কার্যালয় কর্তৃক আপত্তি নিষ্পত্তির সহায়ক যথাযথ প্রমাণক দাখিল করায় বাংলাদেশের মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রকের সুপারিশক্রমে আপত্তির এ অংশটুকু কমিটি কর্তৃক নিষ্পত্তি হয়েছে বলে গণ্য করা হলো।**

**সিদ্ধান্ত-৪: সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় যে, নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, শরীয়তপুর কার্যালয়ের আপত্তিতে বর্ণিত রোলার ভাড়া বাবদ ৬,৪৭,৫৫৪/- টাকা এবং ল্যাব টেস্ট ফি বাবদ ৩,২১,২০০/- টাকা আদায়ের প্রমাণক পাওয়ায় বাংলাদেশের মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রকের সুপারিশক্রমে আপত্তির এ অংশটুকু কমিটি কর্তৃক নিষ্পত্তি হয়েছে বলে গণ্য করা হলো।**

**সিদ্ধান্ত-৫: সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় যে, নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, নারায়ণগঞ্জ এর আপত্তিতে বর্ণিত ১,৭৯,৪০০/- টাকা চালানে জমাকৃত ৯,০৮,৩১৬/- টাকার মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে মর্মে একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, নারায়ণগঞ্জ এর প্রত্যয়ন থাকায় বাংলাদেশের মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রকের সুপারিশক্রমে আপত্তির এ অংশটুকু কমিটি কর্তৃক নিষ্পত্তি হয়েছে বলে গণ্য করা হলো।**

**সিদ্ধান্ত-৬: সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় যে, নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, নেত্রকোনা কার্যালয়ের জবাব অনুযায়ী মেসার্স নিজাম উদ্দিন প্রাঃ লিঃ নিজস্ব রোলার ব্যবহার করেছেন এবং বাস্তব যাচাইয়ে নিজস্ব রোলার ব্যবহারের আবেদনের কপি, টেন্ডার ইকুইপমেন্ট ক্যাপাসিটি সংক্রান্ত ধারায় প্রয়োজনীয় যন্ত্রাদির সংস্থান থাকার কপি, নিজস্ব রোলার থাকার প্রমাণক এবং ঠিকাদারের নিজস্ব রোলার ব্যবহারের অনুমোদনের কপি পাওয়া গেছে মর্মে যাচাইকারী প্রত্যয়ন করায় বাংলাদেশের মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রকের সুপারিশক্রমে আপত্তির এ অংশটুকু কমিটি কর্তৃক নিষ্পত্তি হয়েছে বলে গণ্য করা হলো।**

**সিদ্ধান্ত-৭: সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় যে, নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, ভোলা এর আপত্তির বিপরীতে আদায়কৃত ১,০২,১৮২/- টাকা বাদে বাকী ৭,৪৪,৯৭১/- টাকা অনধিক ২ মাসের মধ্যে আদায়পূর্বক সরকারি কোষাগারে জমা করে প্রমাণক নিরীক্ষা কর্তৃপক্ষ বরাবরে দাখিল করতে হবে। নিরীক্ষা কর্তৃপক্ষ কর্তৃক প্রমাণক যাচাই করে বাংলাদেশের মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রকের মাধ্যমে কমিটিতে প্রতিবেদন দাখিল করবে।**

**সিদ্ধান্ত-৮: সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় যে, নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, বরগুনা কার্যালয়ের বিপরীতে আপত্তিকৃত ২৩,০৭,৬৪৬/- টাকার মধ্যে ১৭,১৯,৫২৪ /-টাকা যথাযথ কোডে জমা করা হয়েছে মর্মে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রত্যয়ন করায় বাংলাদেশের মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রকের সুপারিশক্রমে আপত্তির এ অংশটুকু কমিটি কর্তৃক নিষ্পত্তি হয়েছে বলে গণ্য করা হলো। অবশিষ্ট ৫,৮৮,১২২/- টাকার সাথে জড়িত ঠিকাদারকে নিজস্ব ব্যবস্থাপনায় রোলার ব্যবহার করার অনুমতি প্রদান করা হয়েছে মর্মে নির্বাহী প্রকৌশলীর জবাবে উল্লেখ করা হলেও এ বিষয়ে কোন প্রমাণক যাচাইকারী দলের নিকট উপস্থাপন করা হয়নি বিধায় এ বিষয়েও ইতঃপূর্বে স্থানীয় সরকার বিভাগের একজন অতিরিক্ত সচিবের নেতৃত্বে এলজিএডি এর একজন অতিরিক্ত প্রধান প্রকৌশলী এবং সংশ্লিষ্ট অডিট অধিদপ্তরের একজন পরিচালকের সমন্বয়ে গঠিত তিন সদস্য বিশিষ্ট কমিটিকে অনধিক ২মাসের মধ্যে যাচাই করে অডিটের মাধ্যমে কমিটিতে রিপোর্ট প্রদানের জন্য অনুশাসন প্রদান করা হলো।**

**সিদ্ধান্ত-৯: সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় যে, নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, ভোলা অফিস জবাবে ০৩জন ঠিকাদারের নিজস্ব রোলার ব্যবহার এবং ১০জন ঠিকাদারকে অন্য সংস্থার রোলার ব্যবহারের অনুমতি প্রদানের বিষয়ে উল্লেখ করা হলেও যাচাইকারী দলের নিকট ০৩জন ঠিকাদার কর্তৃক দরপত্রের সাথে রোলারের বিবরণী দাখিল করার এবং ১০জন ঠিকাদারকে এলজিইডির নিজস্ব রোলার সরবরাহ করতে না**

পারার স্বপক্ষে কোন প্রমাণক উপস্থাপন করা হয়নি বিধায় আপত্তিতে বর্ণিত ১৮,১৭,৫১৩/- টাকার বিষয়েও ইতঃপূর্বে স্থানীয় সরকার বিভাগের একজন অতিরিক্ত সচিবের নেতৃত্বে এলজিএডি এর একজন অতিরিক্ত প্রধান প্রকৌশলী এবং সংশ্লিষ্ট অডিট অধিদপ্তরের একজন পরিচালকের সমন্বয়ে গঠিত তিন সদস্য বিশিষ্ট কমিটিকে অনধিক ২মাসের মধ্যে এ বিষয়টিও যাচাই করে অডিটের মাধ্যমে কমিটিতে রিপোর্ট প্রদানের জন্য অনুশাসন প্রদান করা হলো।

**৫.৩. আলোচ্য বিষয়: অডিট আপত্তির অনুচ্ছেদ নং-৩: অডিট আপত্তির শিরোনাম:** ব্যাংক হতে প্রাপ্ত সুদ বাবদ অর্জিত অর্থ সরকারি কোষাগারে জমা না করায় সরকার ৫৬,২৭,৩৬১/- টাকা রাজস্ব প্রাপ্তি হতে বঞ্চিত।

**আলোচনার সার-সংক্ষেপ:** সভাপতির আহ্বানক্রমে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের ৫টি নির্বাহী প্রকৌশলী কার্যালয়ের ২০১১-২০১৪ অর্থ বছরের হিসাব ২২-০৯-২০১৩ হতে ০৮-১০-২০১৩ খ্রিঃ তারিখ পর্যন্ত বিভিন্ন সময়ে স্থানীয়ভাবে নিরীক্ষা করা হয়। নিরীক্ষাকালে ব্যাংক বিবরণীসহ প্রাসঙ্গিক অন্যান্য কাগজপত্র পর্যালোচনা করা হয়। এতে দেখা যায় যে, নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, ময়মনসিংহ কার্যালয় কর্তৃক ২০১২-২০১৩ অর্থ বছরে ব্যাংক হতে প্রাপ্ত সুদের ১৮,১৮,৩৮৬/- টাকা সরকারি কোষাগারে জমা প্রদান না করায় সরকার রাজস্ব প্রাপ্তি হতে বঞ্চিত হয়েছে। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, বগুড়া কার্যালয় কর্তৃক বেসরকারি ব্যাংক হতে ২০১২-২০১৩ অর্থ বছরে অর্জিত সুদ বাবদ ১৯,০৪,২৮৭/- টাকা সরকারি কোষাগারে জমা না করায় সরকার রাজস্ব প্রাপ্তি হতে বঞ্চিত হয়েছে। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, মুন্সীগঞ্জ কার্যালয় কর্তৃক ব্যাংক হতে ২০১২-২০১৩ অর্থ বছরে প্রাপ্ত সুদ বাবদ ৭,০২,৪৩৩/- টাকা সরকারি কোষাগারে জমা না করায় সরকার রাজস্ব প্রাপ্তি হতে বঞ্চিত হয়েছে। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, বি-বাড়িয়া কার্যালয় কর্তৃক ২০১২-২০১৩ অর্থ বছরে সুদ বাবদ প্রাপ্ত ১০,৬১,৭১০/- টাকা সরকারি কোষাগারে জমা করা হয়নি। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, রংপুর কার্যালয় কর্তৃক ২০১৩-২০১৪ অর্থ বছরে সুদ বাবদ প্রাপ্ত ১,৪০,৫৪৫/- টাকা সরকারি কোষাগারে জমা করা হয়নি। উক্ত ৫টি কার্যালয় কর্তৃক ব্যাংক হতে প্রাপ্ত সুদ বাবদ সর্বমোট=(১৮,১৮,৩৮৬+১৯,০৪,২৮৭+ ৭,০২,৪৩৩+১০,৬১,৭১০+১,৪০,৫৪৫) = ৫৬,২৭,৩৬১/- টাকা সরকারি কোষাগারে জমা না করায় সরকার রাজস্ব প্রাপ্তি হতে বঞ্চিত হয়েছে।

**সিদ্ধান্ত -১: সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় যে, নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, ময়মনসিংহ এর আপত্তিকৃত ১৮,১৮,৩৮৬/- টাকা চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমা করায় বাংলাদেশের মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রকের সুপারিশক্রমে আপত্তির এ অংশটুকু কমিটি কর্তৃক নিষ্পত্তি হয়েছে বলে গণ্য করা হলো।**

**সিদ্ধান্ত -২: সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় যে, নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, বগুড়া এর আপত্তিকৃত অর্থ অর্থাৎ ১৯,০৪,২৮৭/- টাকা চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমা করার স্বপক্ষে ডিএও কর্তৃক যাচাইকৃত চালান ও IBAS এর কপি সংযুক্ত থাকায় বাংলাদেশের মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রকের সুপারিশক্রমে আপত্তির এ অংশটুকু কমিটি কর্তৃক নিষ্পত্তি হয়েছে বলে গণ্য করা হলো।**

**সিদ্ধান্ত -৩: সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় যে, নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, মুন্সীগঞ্জ এর আপত্তিকৃত অর্থ অর্থাৎ ৭,০২,৪৩৩/- টাকা চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমা করায় বাংলাদেশের মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রকের সুপারিশক্রমে আপত্তির এ অংশটুকু কমিটি কর্তৃক নিষ্পত্তি হয়েছে বলে গণ্য করা হলো।**

**সিদ্ধান্ত -৪: সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় যে, নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, বি-বাড়ীয়া এর আপত্তিতে বর্ণিত ১০,৪৩,৭১০/- টাকা যথাযথ কোডে জমা করা হয়েছে মর্মে যাচাইকারী প্রত্যয়ন করায় বাংলাদেশের মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রকের সুপারিশক্রমে আপত্তির এ অংশটুকু কমিটি কর্তৃক নিষ্পত্তি হয়েছে বলে গণ্য করা হলো।**

**সিদ্ধান্ত -৫: সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় যে, নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, রংপুর আপত্তিতে বর্ণিত ১,৪০,৫৪৫/- টাকা যথাযথ কোডে জমা করা হয়েছে মর্মে যাচাইকারী প্রত্যয়ন করায় বাংলাদেশের মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রকের সুপারিশক্রমে আপত্তির এ অংশটুকু কমিটি কর্তৃক নিষ্পত্তি হয়েছে বলে গণ্য করা হলো।**

**৫.৪: আলোচ্য বিষয়: অডিট আপত্তির অনুচ্ছেদ নং-৪: অডিট আপত্তির শিরোনাম:** কাজের অগ্রগতি শূন্য হওয়া সত্ত্বেও পারফরমেন্স সিকিউরিটি বাজেয়াপ্ত না করায় সরকারের ১,২১,৫৭,৯৭৫/- টাকা আর্থিক ক্ষতি।

**আলোচনার সার-সংক্ষেপ:** স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের ৪টি প্রকল্প পরিচালক কার্যালয়ের ২০১০-১২ অর্থ বছরের হিসাব ১০-০৯-২০১২ খ্রিঃ হতে ১৮-০৯-২০১২ খ্রিঃ তারিখ পর্যন্ত সময়ে স্থানীয়ভাবে নিরীক্ষা করা হয়। নিরীক্ষাকালে কাজের অগ্রগতির প্রতিবেদন ও প্রাসংগিক অন্যান্য রেকর্ডপত্র পর্যালোচনা করা হয়। এতে দেখা যায় যে, প্রকল্প পরিচালক, ইউনিয়ন সংযোগ সড়ক ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প (বৃহত্তর ময়মনসিংহ জেলা) এর কাজের অগ্রগতি ০% থাকা সত্ত্বেও ঠিকাদারের চুক্তি বাতিলসহ পারফরমেন্স সিকিউরিটি বাবদ ২০১১-২০১২ অর্থ বছরে ৩৭,৭৫,৭১১/- টাকা বাজেয়াপ্ত না করায় সরকারের আর্থিক ক্ষতি হয়েছে। প্রকল্প পরিচালক, ইউনিয়ন সংযোগকারী সড়ক উন্নয়ন প্রকল্প পটুয়াখালী ও বরগুনা জেলা (২য় পর্যায়), সংশ্লিষ্ট ঠিকাদার দীর্ঘদিন কাজ শুরু না করে ফেলে রাখা সত্ত্বেও দরপত্রের শর্ত মোতাবেক কার্যাদেশ

বাতিলসহ পারফরমেন্স সিকিউরিটি বাজেয়াপ্ত না করায় ২০১১-২০১২ অর্থ বছরে সরকারের ৩০,৯১,৯০৪/- টাকা ক্ষতি হয়েছে। প্রকল্প পরিচালক, উপজেলা সড়ক উন্নয়ন প্রকল্প এর ঠিকাদারগণ কাজ শেষ করার নির্ধারিত সময় সীমার ৬ মাস পরেও কাজ আরম্ভ না করায় বিধি মোতাবেক পারফরমেন্স সিকিউরিটি বাজেয়াপ্ত করে সরকারি কোষাগারে জমা না করায় ২০১০-২০১২ অর্থ বছরে সরকারের ২৭,০০,৪৬০/- টাকা ক্ষতি হয়েছে। প্রকল্প পরিচালক, উপজেলা/ইউনিয়ন সড়ক, সেতু/কালভার্ট নির্মাণ/পুনঃ নির্মাণ শীর্ষক প্রকল্পের ২টি কাজ ১ বছরের অধিককাল অতিবাহিত হলে কাজের ভৌত অগ্রগতি ০% হওয়া সত্ত্বেও বিধি মোতাবেক ঠিকাদারের পারফরমেন্স সিকিউরিটি বাজেয়াপ্ত করে ২০১০-২০১২ অর্থ বছরে সরকারি কোষাগারে জমা প্রদান না করায় সরকারের ২৫,৮৯,৯০০/- টাকা আর্থিক ক্ষতি হয়েছে। অর্থাৎ এক্ষেত্রে ৪টি কার্যালয়ের মোট ক্ষতির পরিমাণ (৩৭,৭৫,৭১১+৩০,৯১,৯০৪+২৭,০০,৪৬০+ ২৫,৮৯,৯০০)=১,২১,৫৭,৯৭৫/- টাকা।

**সিদ্ধান্ত-১: সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় যে, প্রকল্প পরিচালক, ইউনিয়ন সংযোগ সড়ক ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প (বৃহত্তর ময়মনসিংহ জেলা) এর প্রথম ৫টি কাজ যথা সময়ে সম্পন্ন না হওয়ায় নির্বাহী প্রকৌশলী কর্তৃক ৫জন ঠিকাদারের নিকট হতে পারফরমেন্স সিকিউরিটি বাবদ ৮,০৯,৫০০/- টাকা আদায়পূর্বক সরকারি কোষাগারে জমার স্বপক্ষে চালান প্রেরণ করায় বাংলাদেশের মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রকের সুপারিশক্রমে আপত্তির এ অংশটুকু কমিটি কর্তৃক নিস্পত্তি হয়েছে বলে গণ্য করা হলো। অবশিষ্ট ০৩ জন ঠিকাদারের নিকট ২১,৬১,৩১৯/- টাকা অনাদায়ের বিষয়টি যথাযথ হয়েছে মর্মে নিরীক্ষা কার্যালয় কর্তৃক বাস্তব যাচাই করে সঠিক হয়েছে মতামত দেয়ায় বাংলাদেশের মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রকের সুপারিশক্রমে আপত্তির এ অংশটুকুও কমিটি কর্তৃক নিস্পত্তি হয়েছে বলে গণ্য করা হলো।**

**সিদ্ধান্ত-২: সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় যে, প্রকল্প পরিচালক, ইউনিয়ন সংযোগকারী সড়ক উন্নয়ন প্রকল্প, পটুয়াখালী ও বরগুনা জেলা (২য় পর্যায়) এর কাজ বর্ণিত সময়ের মধ্যে যথাযথভাবে সম্পন্ন করায় বাংলাদেশের মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রকের সুপারিশক্রমে আপত্তির এ অংশটুকু কমিটি কর্তৃক নিস্পত্তি হয়েছে বলে গণ্য করা হলো।**

**সিদ্ধান্ত-৩: সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় যে, প্রকল্প পরিচালক, উপজেলা সড়ক উন্নয়ন প্রকল্প এর আপত্তিতে বর্ণিত ৫টি কাজের ক্ষেত্রে ঠিকাদার কর্তৃক প্রাক্কলন সংশোধনের আবেদনপত্র এবং সময় বর্ধনের আবেদনপত্র প্রমাণক হিসেবে দাখিল না করায় আপত্তিতে বর্ণিত ২৭,০০,৪৬০/-টাকার বিষয়ে ইতঃপূর্বে স্থানীয় সরকার বিভাগের একজন অতিরিক্ত সচিবের নেতৃত্বে এলজিএডি এর একজন অতিরিক্ত প্রধান প্রকৌশলী এবং সংশ্লিষ্ট অডিট অধিদপ্তরের একজন পরিচালকের সমন্বয়ে গঠিত তিন সদস্য বিশিষ্ট কমিটিকে অনধিক ২মাসের মধ্যে এ বিষয়টিও যাচাই করে অডিটের মাধ্যমে কমিটিতে রিপোর্ট প্রদানের জন্য অনুশাসন প্রদান করা হলো।**

**সিদ্ধান্ত-৪: সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় যে, প্রকল্প পরিচালক, উপজেলা/ইউনিয়ন সড়ক, সেতু/কালভার্ট নির্মাণ/পুনঃ নির্মাণ শীর্ষক প্রকল্প এর আপত্তিকৃত অর্থ চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমা করায় বাংলাদেশের মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রকের সুপারিশক্রমে আপত্তির এ অংশটুকু কমিটি কর্তৃক নিস্পত্তি হয়েছে বলে গণ্য করা হলো।**

**৫.৫. আলোচ্য বিষয়: অডিট আপত্তির অনুচ্ছেদ নং-৫: অডিট আপত্তির শিরোনাম:** রোড কাটিং বাবদ প্রাপ্ত ৬৩,৫১,৭৪৪/- টাকা সরকারি কোষাগারে জমা করা হয়নি।

**আলোচনার সার-সংক্ষেপ:** স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের আওতাধীন ২টি নির্বাহী প্রকৌশলী কার্যালয়ের ২০১১-২০১২ অর্থ বছরের হিসাব ২৬-০৯-২০১২ থেকে ০৬-১১-২০১২ খ্রিঃ তারিখে বিভিন্ন সময়ে স্থানীয়ভাবে নিরীক্ষা করা হয়। নিরীক্ষাকালে গ্যাস লাইন ও টেলিফোন ক্যাবলস স্থাপন এর ক্যাশবহি, ব্যাংক বিবরণীসহ প্রাসঙ্গিক অন্যান্য কাগজপত্র পর্যালোচনা করা হয়। এতে দেখা যায় যে, নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, মুন্সীগঞ্জ কার্যালয়ে রোড কাটিং ফি বাবদ প্রাপ্ত অর্থ সরকারি কোষাগারে জমার পরিবর্তে উত্তরা ব্যাংক লিঃ মুন্সীগঞ্জ শাখা, সঞ্চয়ী হিসাব নং-৭৫৩৪ এ জমা রাখা হয়েছে ফলে সরকার ২০১১-২০১২ অর্থ বছরে ৬২,৪০,৬৫৭/- টাকা রাজস্ব আয় হতে বঞ্চিত হয়েছে। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, চট্টগ্রাম কার্যালয়ের মোবাইল কোম্পানীসহ অন্যান্য সংস্থা কর্তৃক এলজিইডি'র রাস্তা কাটার ক্ষতিপূরণ বাবদ প্রাপ্ত অর্থ বেসিক ব্যাংকে জমা করা হয়েছে যা ট্রেজারী চালানের মাধ্যমে ২০১১-২০১২ অর্থ বছরে সরকারি খাতে জমাযোগ্য ছিল। ফলে সরকার ১,১১,০৮৭/-টাকা রাজস্ব আয় হতে বঞ্চিত হয়েছে। ফলে ২টি কার্যালয়ে মোট ক্ষতির পরিমাণ ৬৩,৫১,৭৪৪/- টাকা।

**সিদ্ধান্ত-১: সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় যে, নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, মুন্সীগঞ্জের রোড কাটিং বাবদ প্রাপ্ত ৬২,৪০,৬৫৭/- টাকার বিপরীতে ২৯,০১,১৯২/- টাকা চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমা করায় বাংলাদেশের মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রকের সুপারিশক্রমে আপত্তির এ অংশটুকু কমিটি কর্তৃক নিস্পত্তি হয়েছে বলে গণ্য করা হলো। অবশিষ্ট ৩৩,৩৯,৪৬৫/- টাকা ব্যয়ের ব্যয়োত্তর অনুমোদনের কপিসহ পুনঃ জবাব বাংলাদেশের মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ের মাধ্যমে অনধিক ২মাসের মধ্যে কমিটিতে প্রেরণের জন্য অনুশাসন প্রদান করা হলো নতুবা ইতঃপূর্বে স্থানীয় সরকার বিভাগের একজন অতিরিক্ত সচিবের নেতৃত্বে এলজিএডি এর একজন অতিরিক্ত প্রধান প্রকৌশলী এবং সংশ্লিষ্ট অডিট অধিদপ্তরের একজন পরিচালকের সমন্বয়ে গঠিত তিন সদস্য বিশিষ্ট কমিটিকে অনধিক ২মাসের মধ্যে এ বিষয়টিও যাচাই করে অডিটের মাধ্যমে কমিটিতে রিপোর্ট প্রদানের জন্য অনুশাসন প্রদান করা হলো।যাচাইয়ে তছরুপ প্রমাণিত না হলেও ব্যয়ের ক্ষেত্রে অর্থ মন্ত্রণালয় থেকে ব্যয়োত্তর অনুমোদন নিতে হবে।**

**সিদ্ধান্ত -২: সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় যে, নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, চট্টগ্রাম কার্যালয়ের রোড কাটিং বাবদ প্রাপ্ত ১,১১,০৮৭/- টাকা চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমা করায় বাংলাদেশের মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রকের সুপারিশক্রমে আপত্তির এ অংশটুকু কমিটি কর্তৃক নিস্পত্তি হয়েছে বলে গণ্য করা হলো।**

৫.৬. **আলোচ্য বিষয়: অডিট আপত্তির অনুচ্ছেদ নং-৬: অডিট আপত্তির শিরোনাম:** সিডিউল বিক্রয় বাবদ প্রাপ্ত অর্থ সরকারি কোষাগারে জমা না করায় সরকারের ৪৫,৭৮,৪২৬/- টাকা ক্ষতি।

**আলোচনার সার-সংক্ষেপ:** স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের আওতাধীন ২টি নির্বাহী প্রকৌশলী কার্যালয়ের ২০১১-২০১৩ অর্থ বছরের হিসাব ১১-১০-২০১২ খ্রিঃ হতে ০৬-১১-২০১২ খ্রিঃ তারিখ পর্যন্ত সময়ে নিরীক্ষাকালে সিডিউল বিক্রয় সংক্রান্ত মানি রিসিট, রেজিস্টার, চালান, ব্যাংক স্টেটমেন্ট, পে-অর্ডারসহ প্রয়োজনীয় অন্যান্য রেকর্ডপত্রাদি পর্যালোচনায় দেখা যায় যে, নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, মাদারীপুর কার্যালয়ের টেন্ডার বিজ্ঞপ্তি নং ১৪/২০১১-১২, ১৫-১৮/২০১১-১২ এর বিপরীতে সিডিউল বিক্রয়ের সময় পে-অর্ডার গ্রহণ করা হয়। পে-অর্ডারসমূহ ক্যাশ হওয়ার সাথে সাথে সরকারি রাজস্ব খাতে জমাযোগ্য হলেও সরকারি কোষাগারে জমার পরিবর্তে সঞ্চয়ী হিসাব নম্বরে ধরে রাখা হয়েছে। ফলে সরকার ২০১২-২০১৩ অর্থ বছরে ৪১,০৩,৫৫২/- টাকার রাজস্ব আয় হতে বঞ্চিত হয়েছে। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, পুঠিয়া রাজশাহী কার্যালয়ের টেন্ডার সিডিউল বিক্রয় বাবদ অর্থ সরকারি কোষাগারে জমা না করে উপজেলা পরিষদের চলতি হিসাব নং-৭৬৯-এ জমা প্রদান করা হয়। ফলে সরকার ২০১১-২০১২ অর্থ বছরে ৪,৭৪,৮৭৪/- টাকা রাজস্ব আয় হতে বঞ্চিত হয়েছে। অর্থাৎ এক্ষেত্রে ০২টি কার্যালয়ে মোট ক্ষতির পরিমাণ ৪৫,৭৮,৪২৬/- টাকা।

**সিদ্ধান্ত-১: সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় যে, নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, মাদারীপুর আপত্তিতে বর্ণিত ৪১,০৩,৫৫২/- টাকার মধ্যে সিডিউল বিক্রয় বাবদ প্রাপ্ত ৩৩,৯৯,৩৩১/- টাকা ০২টি চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমা করা হয়েছে বিধায় বাংলাদেশের মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রকের সুপারিশক্রমে আপত্তির এ অংশটুকু কমিটি কর্তৃক নিষ্পত্তি হয়েছে বলে গণ্য করা হলো। তবে দণ্ডসুদ বাবদ আরোপকৃত ৭,০৪,৩২১/- টাকা জমার কোন প্রমাণক জমা করা হয়নি বিধায় ইতঃপূর্বে স্থানীয় সরকার বিভাগের একজন অতিরিক্ত সচিবের নেতৃত্বে এলজিএডি এর একজন অতিরিক্ত প্রধান প্রকৌশলী এবং সংশ্লিষ্ট অডিট অধিদপ্তরের একজন পরিচালকের সমন্বয়ে গঠিত তিন সদস্য বিশিষ্ট কমিটিকে অনধিক ২মাসের মধ্যে এ বিষয়টিও যাচাই করে অডিটের মাধ্যমে কমিটিতে রিপোর্ট প্রদানের জন্য অনুশাসন প্রদান করা হলো।**

**সিদ্ধান্ত-২: সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় যে, নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, রাজশাহী কর্তৃক উপজেলা পরিষদ রাজস্ব তহবিল নির্দেশিকা-২০০৯ অনুযায়ী টেন্ডার সিডিউল বিক্রয়লব্ধ ৪,৭৪,৮৭৪/- টাকার মধ্যে টেন্ডার বিজ্ঞাপনের পত্রিকার বিল ও অন্যান্য আনুষাঙ্গিক খরচ বাবদ ৮টি ভাউচারের মাধ্যমে মোট ১,৩৪,৫১১/- টাকা ব্যয় বাদ দিয়ে অবশিষ্ট (৪,৭৪,৮৭৪ - ১,৩৪,৫১১) = ৩,৪০,৩৬৩/- টাকা ট্রেজারী চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমা করা হয়েছে বিধায় বাংলাদেশের মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রকের সুপারিশক্রমে আপত্তির এ অংশটুকু কমিটি কর্তৃক নিষ্পত্তি হয়েছে বলে গণ্য করা হলো।**

**৬। বিবিধ:** ফরিদপুর অঞ্চলের স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের কার্যক্রম নিরীক্ষাকরণ সম্পর্কে।

**আলোচনার সার-সংক্ষেপ:** বৃহত্তর ফরিদপুর অঞ্চলের ২০০৯ থেকে হাল-নাগাদ সময় পর্যন্ত স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের কার্যক্রম নিরীক্ষা করা এবং একটি সাব-কমিটি গঠনের বিষয়ে আলোচনা হয়।

**সিদ্ধান্ত: সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় যে, বৃহত্তর ফরিদপুর অঞ্চলের ২০০৯ পরবর্তী সময় থেকে হাল-নাগাদ সময় পর্যন্ত স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের কার্যক্রম নিরীক্ষা করে দ্রুততর সময়ের মধ্যে সংসদে রিপোর্ট পেশের ব্যবস্থা গ্রহণের জন্য বাংলাদেশের মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রককে অনুরোধ জানান হয়।**

**৭**. পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি বৈঠকে উপস্থিত মাননীয় সদস্যবৃন্দকে সার্বিক সহযোগিতার জন্য এবং বৈঠকে আমন্ত্রিত ব্যক্তিবর্গের সুচিন্তিত পরামর্শ প্রদানের জন্য এবং সাচিবিক সহায়তাকারী কর্মকর্তাগণের দক্ষ সহায়তার জন্য সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে ১১ অক্টোবর ২০২০ তারিখ সকাল-১১:৪৫ ঘটিকায় বাংলাদেশ জাতীয় সংসদের সরকারী হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির ২৬তম বৈঠকের সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ রুস্তম আলী ফরাজী)
সভাপতি
সরকারী হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটি
বাংলাদেশ জাতীয় সংসদ, ঢাকা।